



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বিজনেস স্টাডিজ অনুষদের নতুন ডিনের যোগদান



ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান-কে বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন নিযুক্ত করা হয়েছে। এ উপলক্ষে দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান ৯ ফেব্রুয়ারি-২০২০, রবিবার মার্কেটিং বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিদায়ী ডিন অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর এবং নব নিযুক্ত ডিন অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান-কে ক্রেস্ট প্রদান করেন। এসময় অনুষদভূক্ত বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে বিশিষ্ট চিত্রশিল্পী নাজমা আক্তার উপস্থিত ছিলেন।